

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬

২. কিতাবুল ওহী (كتاب الوحي)

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا سَفْيَانُ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ عِكْرَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ يَبْلُغُ بِهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:
(إِذَا قَضَى اللَّهُ الْأَمْرَ فِي السَّمَاءِ ضَرَبَتْ الْمَلَائِكَةُ بِأَجْنِحَتِهَا خُضْعَانًا لِقَوْلِهِ كَأَنَّهُ سِلْسِلَةٌ عَلَى صَفْوَانٍ حَتَّى إِذَا فُزَّعَ عَنْ قُلُوبِهِمْ قَالُوا: مَاذَا قَالَ رَبُّكُمْ؟ فَيَقُولُونَ: قَالَ الْحَقُّ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ فَيَسْتَمِعُهَا مُسْتَرْقٍ السَّمْعِ فَرُبَّمَا أَدْرَكَهُ الشَّهَابُ قَبْلَ أَنْ يَرْمِيَ بِهَا إِلَى الَّذِي هُوَ أَسْفَلُ مِنْهُ وَرُبَّمَا لَمْ يَدْرِكْهُ الشَّهَابُ حَتَّى يَرْمِيَ بِهَا إِلَى الَّذِي هُوَ أَسْفَلُ مِنْهُ قَالَ: وَهُمْ هَكَذَا بَعْضُهُمْ أَسْفَلُ مِنْ بَعْضٍ - وَوَصَفَ ذَلِكَ سُفْيَانُ بِيَدِهِ - فَيَرْمِي بِهَا هَذَا إِلَى هَذَا وَهَذَا إِلَى هَذَا حَتَّى تَصِلَ إِلَى الْأَرْضِ فَتُلْقَى عَلَى فَمِ الْكَافِرِ وَالسَّاحِرِ فَيَكْذِبُ مَعَهَا مِئَةٌ كَذِبَةٍ فَيُصَدَّقُ وَيُقَالُ: أَلَيْسَ قَدْ قَالَ فِي يَوْمٍ كَذَا وَكَذَا - كَذَا وَكَذَا فَصَدَقَ
□ □ □ □ □

[تعليق الشيخ الألباني]

صحيح - ((الصحيحة)) (1293): خ.

الحديث: 36 | الجزء: 1 | الصفحة: 167

বাংলা

৩৬. আবু হুরাইরাহ (রাঃ)-থেকে বর্ণিত, তিনি নাবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন, তিনি বলেছেনঃ আল্লাহ্ তা'আলা যখন আকাশে ফায়সালা করেন তখন মালায়িকাহ আল্লাহর নির্দেশের প্রতি (আনুগত্যস্বরূপ) অতি নম্রভাবে তাদের ডানা ঝাড়তে থাকে; যেন মসৃণ পাথরের উপর শিকলের আওয়াজ। যখন তাদের মনের ভয়-ভীতি দূর হয় তারা (একে অপরকে) জিজ্ঞেস করে, তোমাদের প্রতিপালক কী বলেছেন? তারা বলেন, তিনি যা বলেছেন, সত্যই বলেছেন। তিনি সর্বশ্রোতা, মহান জ্ঞানী। যে সময়ে লুকোচুরিকারী (শায়ত্বন) তা

শোনে, আর লুকোচুরিকারী এরূপ একের ওপর এক। সুফইয়ান তাঁর হাত উপরে উঠিয়ে আগুলগুলো ফাঁক করে দেখান।

তারপর শায়ত্বন কথাগুলো শুনে নেয় এবং প্রথমজন তার নিচের জনকে এবং সে তার নিচের জনকে জানিয়ে দেয়। এমনিভাবে এ খবর দুনিয়াতে পৌঁছে দেয়। এরপ তা কাফির ও জাদুকর (জ্যোতিষ)-এর মুখে নিক্ষেপ করা হয়। কোন কোন সময় কথা পৌঁছানোর আগে তার উপর অগ্নিশিখা নিক্ষিপ্ত হয়। আবার অগ্নিশিখা নিক্ষিপ্ত হওয়ার আগে সে কথা পৌঁছিয়ে দেয় এবং এর সাথে শত মিথ্যা মিশিয়ে বলে, অথচ একথাকে সত্য বলে মেনে নেয়া হয়। লোকেরা বলাবলি করে, 'সে কি অমুক দিন অমুক অমুক কথা আমাদের বলেনি, এমন এমন কথা? ফলে সে সত্য কথাই বলেছে।' [1]

English

Abū Hurayrah

The Prophet ﷺ said: "When Allah decrees a matter in the heavens, the angels beat their wings in submission to His command, sounding like a chain on a rock until, when fear is lifted from their hearts, they ask, 'What did your Lord say?' They reply, 'The truth, and He is the All-Hearing, All-Knowing.' Then, someone from far away listens to their conversation. Perhaps a shooting star may overtake him before he throws it down to the one below him, or perhaps the shooting star may not reach him until he throws it down to the one below him."

ফুটনোট

[1] আলবানী: সহীহ।

আরনাউত্ব: সহীহ।

তাখরীজ: হুমাইদী ১১৫১; বুখারী, ৪৮০০-৪৮০১; আবু দাউদ ৩৯৮৯; তিরমিযী ৩২২৩; ইবনু মাজাহ ১৯৪।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86934>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন